Lens Asia

২৯ জুলাই, ২০২৬

# জাপানে শক্তিশালী ভূমিকম্পে প্রাণহানি বেড়ে ১৩



ছবি: সংগৃহীত

জাপানের দক্ষিণাঞ্চলে আঘাত হানা শক্তিশালী ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে ১৩ জনে পৌঁছেছে। বুধবার (২৯ জুলাই) দেশটির প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি হতাহতের এ তথ্য জানিয়েছেন। খবর এপি নিউজের।

ভূমিকম্পের পর থেকে নিখোঁজদের সন্ধানে উদ্ধারকারী দলগুলো কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রী জানান, রাতভর উদ্ধার অভিযান পরিচালনা করা হয়েছে এবং এখনও বিভিন্ন স্থানে তল্লাশি অব্যাহত রয়েছে। এ ঘটনায় অনেক মানুষ আহত হয়েছেন বলেও জানান তিনি।

মঙ্গলবার (২৮ জুলাই) বিকেলে দক্ষিণ জাপানের প্রধান দ্বীপ কিউশুর কুমামোতো অঞ্চলে ৭.১ মাত্রার ভূমিকম্পটি আঘাত হানে। এতে বিভিন্ন স্থাপনা ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি একটি শপিং সেন্টারের অংশবিশেষ ধসে পড়ে। প্রাথমিক তদন্তে সেখানে গ্যাস লিকের কারণে ধসের ঘটনা ঘটে থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। একই সময়ে একটি কাগজ উৎপাদন কারখানার বড় চিমনিও ভেঙে পড়ে।

LENS ASIA

দমকল বিভাগের বরাতে জানা গেছে, কাশিমা শহরের এইয়ন মলের দ্বিতীয় তলার একটি অংশ ভেঙে পড়ায় বেশ কয়েকজন সেখানে আটকা পড়েন। অন্যদিকে, নিপ্পন পেপার ইন্ডাস্ট্রিজের ইয়াতসুশিরো কারখানায় চিমনি ধসে পড়ার পর কয়েকজন ধ্বংসস্তূপের নিচে আটকা পড়েছেন বলে জানিয়েছে স্থানীয় জরুরি উদ্ধারকারী দল।

ভূমিকম্পের পর সম্ভাব্য ঝুঁকি বিবেচনায় ২ লাখ ৬০ হাজারের বেশি মানুষকে নিরাপদ এলাকায় চলে যাওয়ার পরামর্শ দিয়েছে জাপানের ফায়ার অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট এজেন্সি। এদের বড় অংশ কুমামোতো প্রিফেকচারের বাসিন্দা। পাশাপাশি নাগাসাকি প্রিফেকচারের কিছু এলাকাতেও বাসিন্দাদের নিরাপদ স্থানে সরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

ভূমিকম্পে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত অঞ্চলটি জাপানের রাজধানী টোকিও থেকে আনুমানিক ৯০০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিম দিকে অবস্থিত।